sidbi

# স্বাবলম্বন

*আপনার উদগ্রীব স্বপ্নকে দিন পাখা মেলার সুযোগ.....*

স্বাবলম্বন ইনফো সিরিজ

ভল্যুম-III



# উন্নয়ণের পথে এগিয়ে যাওয়ার উপায় -

## MSMEs দের উন্নয়ণের জন্য পরিকল্পনাসমূহ এবং উদ্যোগসমূহ

## ভূমিকা

প্রিয় স্বাবলম্বী,

SIDBI-র পক্ষ থেকে আপনাকে জানাই স্বাবলম্বন-এর অভিনন্দন!

ভিশন 2.0 অনুসরণ করার সাথে সাথে, SIDBI তার প্রচার এবং উন্নয়ণ সংক্রান্ত কেন্দ্রবিন্দু, বিভিন্ন বিষয়-এর অনুষঙ্গে, যেমন সম্পর্ক (কানেক্ট), সংবাদ (ইন্টারঅ্যাকশন), সুরক্ষা (সিকিউরিটি) এবং সংপ্রেশন (ডিসেমিনেট) প্রভৃতির মাধ্যমে পুনরায় ঢেলে সাজিয়েছে। ভিশন 2.0-এর লক্ষ্য হল উদ্ভাবনী এবং বিস্তৃত প্রভাব বিস্তার করতে সক্ষম এমন পরিকল্পনা সমূহের মাধ্যমে MSE দের "গঠন করতে" এবং "উন্নয়ণের পথে এগিয়ে যেতে" দু'ভাবেই উপকার সাধন করা। যার ফলে আরও বেশি কর্মসংস্থানের ব্যবস্থা হবে এবং দেশের সামগ্রিক অর্থনৈতিক সমৃদ্ধি ঘটবে। উপরন্তু ব্যাঙ্ক-এর দ্বারা প্রবর্ত্তিত "মিশন স্বাবলম্বন 2018"-এর উদ্দেশ্য হল শিল্পোদ্যোগ-এর এই সংস্কৃতি আরও ছড়িয়ে দেওয়া এবং এইভাবে যুবসম্প্রদায়কে "কাজ খোঁজার" অবস্থা থেকে বের করে এনে "কাজ তৈরী করার" ব্যাপারে সক্ষম করে তোলা। এবং শহর অঞ্চলে গ্রামীণ মানুষের চলে যাওয়া সীমিত করা এবং পিরামিড-এর একেবারে নিচের স্তরে গতি সৃষ্টি করে স্থিতিশীল জীবনযাত্রা নির্বাহের সুযোগ-সুবিধাসমূহ সৃষ্টি করা। এইভাবে যে সমস্ত অংশ এখনও পরিষেবার বাইরে রয়েছে/যে সমস্ত জায়গা/অংশ পরিষেবার থেকে বঞ্চিত রয়েছে এবং সামগ্রিকভাবে MSE দের উন্নয়ণ ঘটানো।

স্বাবলম্বন ইনফো সিরিজ হল এই রকমই একটি প্রচেষ্টা যাতে বর্তমান এবং সম্ভাব্য স্বাবলম্বীদের সাথে যোগাযোগ করে এবং তাদের স্বপ্নের এই শিল্পোদ্যোগ সংক্রান্ত কর্মযজ্ঞের যাত্রা সফল করতে সাহায্য করা যায়। এটি শিল্পোদ্যোগ সংক্রান্ত সাধারণ এবং উন্নত জ্ঞানসমূহ আপনার হাতের কাছে নিয়ে এসেছে এবং সাথে সাথে আপনাকে সাম্প্রতিক ঘটনাবলী/পরিকল্পনাসমূহ/উদ্যোগসমূহ, যা আপনি নিজের অথবা অপরের উন্নতির জন্য ব্যবহার করতে পারবেন, সেই সম্পর্কে ওয়াকিবহাল রাখে।

পাঠকের প্রতিক্রিয়া জানার সাথে সাথে, আমরাও নিজেদের সেইভাবে আরও বিকশিত করতে থাকব। সুতরাং অনুগ্রহ করে আপনার প্রতিক্রিয়াসমূহ/জিজ্ঞাসাবলী/পরামর্শসমূহ আমাদের পাঠান, যাতে আমরা প্রত্যেক ভ্যলুম-এর সাথে সাথে নিজেদের উন্নত করতে পারি। আমরা আশা রাখি, এটি লেখার সময় আমরা যে রকম আনন্দ পেয়েছি, এই সিরিজ পড়বার সময় আপনিও একইভাবে আনন্দলাভ করবেন।

আপনার পাঠের জন্য শুভকামনা!

টিম স্বাবলম্বন, SIDBI

ই-মেইল আইডিঃ pnd_ndo@sidbi.com



# আমাদের আগের ভল্যুমগুলিতে...

আপনি হয়তো আমাদের আগের ভল্যুমগুলি পড়েছেন, যেখানে আমরা একজন স্বাবলম্বীকে, কেন এবং কিভাবে তা হয়ে ওঠে, সেই সম্পর্কে আলোচনা করেছি। আমাদের এই দ্বিতীয় ভল্যুম-এ আমরা মহিলা শিল্পোদ্যোগ সম্বন্ধে কথা বলব। এই ভল্যুমটি কাছে পাওয়ার জন্য, অনুগ্রহ করে নিচের ওয়েবসাইট ঠিকানায় যান: https://www.sidbi.in/en/publication-and-reports







# সংস্থাগত সাহায্যের জন্য যা প্রয়োজন

প্রতিষ্ঠা লাভ এবং সফল হওয়ার জন্য একজন উদ্যোগী ব্যবসায়ীর শুধু যে তার বন্ধু অথবা পরিবারের সাহায্য প্রয়োজন হয় তা নয়, সামাজিক বাস্তুতন্ত্র থেকেও তার সাহায্য প্রয়োজন। শিল্পোদ্যোগ-এর বিকাশ, অর্থাৎ দেশের বিকাশ-এর জন্য, এক উৎসাহবর্দ্ধক এবং সহায়ক ব্যবস্থা সম্বলিত পরিবেশ ঠিকমতো থাকা আবশ্যক। এই উদ্দেশ্যে সরকার, অন্যান্য কয়েকটি সংস্থার সঙ্গে মিলিতভাবে এমন কিছুর নীতি এবং পরিকল্পনা প্রণয়ণ করেছেন, যেগুলি শিল্পোদ্যোগীদের সক্ষমতাকে এক সহায়তা প্রদান করবে এবং তাদের উন্নতিবিধানের দিকে এই যে যাত্রা, সেই সফরেও সাহায্য করবে। একজন প্রতিষ্ঠিত এবং উদীয়মান শিল্পোদ্যোগীর পক্ষে নিজেদের এই সমস্ত পরিকল্পনার সঙ্গে যোগাযোগ রাখা, এবং সরকার/বিকাশশীল/উন্নয়ণশীল সংস্থাগুলি সম্প্রতি কি ধরণের উদ্যোগ নিতে চলেছে সেই সম্পর্কে ওয়াকিবহাল থাকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

# MSME দের জন্য নেওয়া পরিকল্পনা এবং উদ্যোগসমূহ

স্বাবলম্বন ইনফো সিরিজ-এর এই ভল্যুম 3 তে, আমরা চেষ্টা করব সরকার এবং অন্যান্য প্রতিষ্ঠান সমূহ পরিচালিত, SIDBI যার অন্তর্গত, তাদের কিছু স্কীম বা পরিকল্পনাসমূহ/উদ্যোগসমূহ এবং প্রচার মাধ্যম (প্ল্যাটফরমস) সম্পর্কে একটি ধারণা দিতে, যাতে দেশে শিল্পোদ্যোগ-এর সমৃদ্ধি এবং উন্নতি ঘটে। প্রধান যে বিষয় বা জায়গাগুলি এই ভল্যুম-এ আলোচনা করা হয়েছে সেগুলি নিম্নরূপ:

- **গভর্নমেন্ট e-মার্কেটপ্লেস (GeM)**
- **ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ (NSE)**
- **SIDBI কর্তৃক নেওয়া বিভিন্ন পরিকল্পনাসমূহ এবং উদ্যোগসমূহ**
- **59 মিনিটেই লভ্য Psb ঋণসমূহ**
- **প্রয়াস**

# গভর্নমেন্ট e-মার্কেটপ্লেস (GeM):



অনেক সময়ই শিল্পোদ্যোগীরা বাজারে তাদের পণ্য বিক্রয় করতে গিয়ে অনেক অসুবিধার সম্মুখীণ হয়ে থাকেন। কাজেই এমন একটি তাদের জন্যে উৎস্বর্গীকৃত বাজার প্রয়োজন যা সঠিক, সহজেই পৌঁছনো অথবা যোগাযোগ সম্ভব, এবং যাতে উদ্যোগীদের লাভ হয়, সেই ব্যাপারটি দেখভাল করতে দক্ষ। কিন্তু এই ব্যাপারে সঠিক পদ্ধতি না থাকার ফলে উদ্যোগী ব্যবসায়ীকে বিভিন্ন চ্যালেঞ্জসমূহ, যেমন পেমেন্ট দেরীতে পাওয়া, বিশ্বাসযোগ্যতা না থাকা, লাভ-এর হ্রাস প্রভৃতির সম্মুখীণ হতে হয়।

একজন উদ্যোগী ব্যবসায়ীকে এই সমস্ত যে যে সমস্যার সম্মুখীণ হতে হয় তার সমাধানের পথ হল GeM। এটি একটি, সরকারী বিভাগসমূহ/সংস্থাসমূহ/(পাবলিক সার্ভিস আণ্ডারটেকিং) PSU দের জন্য প্রয়োজনীয় সাধারণ জিনিসপত্র এবং পরিষেবা অনলাইনের মাধ্যমে আহরণ করার উদ্দেশ্যে গঠিত এণ্ড টু এণ্ড সলিউশন বা সমাধান। এটি একটি সঠিক (স্বচ্ছ) এবং গতিময় পদ্ধতি। যা MSME দের, স্টার্টআপদের এবং বিভিন্ন শিল্পীদের (আর্টিসানদের) তৈরী জিনিসপত্র একটি উন্মুক্ত এবং প্রযুক্তি চালিত পরিসর -এ বিক্রয় সহজ করে দিয়েছে।

## উদ্যোগী ব্যবসায়ীদের (বিক্রেতাদের) কাছে GeM-এর উপযোগিতাসমূহ:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| সরকারী বিভাগসমূহ এবং PSU সমূহে সরাসরি যোগাযোগ এর সুবিধা | ভারতবর্ষের যে কোন স্থানে বিক্রয় এর সুবিধা | আপনার নির্দিষ্ট বিভাগে বিড-এ অংশগ্রহণের জন্য স্বয়ংক্রিয় বিজ্ঞপ্তি লাভ-এর সুবিধা | সামঞ্জস্যপূর্ণ আয় পদ্ধতি | দ্রুত পেমেন্ট | অত্যন্ত সঠিক এবং সহজেই বিক্রয় করা যায় এমন পরিসর |

## উদ্যোগী ব্যবসায়ীদের (ক্রেতাদের) কাছে GeM-এর উপযোগিতাসমূহ:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| পণ্য এবং পরিষেবাসমূহের সমৃদ্ধি তালিকা | অনেক সরবরাহ কারীদের থেকে মূল্য সংক্রান্ত প্রবণতার এবং মূল্যমান তুলনা করার এক সুবিধা | অনেক ধরণের আহরণ প্রক্রিয়া- সরাসরি ক্রয়/বিড/RA | সুসংহত পেমেন্ট সিস্টেম | অনলাইন এর মাধ্যমে অর্ডার দেওয়া হয় এবং চুক্তি সম্পাদন করা হয় | অত্যন্ত সঠিক এবং দ্রুত আহরণ করার এক প্রক্রিয়া |

SIDBI, GeM-এর সঙ্গে একটি অংশীদারীত্বে আবদ্ধ হয়েছে, যাতে MSME উদ্যোগী ব্যবসায়ীদের, SHG দের, মহিলা উদ্যোগীদের এবং সরকারী স্কীম-এর অধীনে অন্য যে উপভোক্তারা রয়েছেন, এরা সবাই এই (প্ল্যাটফর্মে) পরিসরে তাদের পণ্যসম্ভার বিক্রয় করতে পারে। এর পিছনে মূল্য ভাবনা হল, যাতে একটি প্রতিশ্রুত সময়সীমার মধ্যে, GeM pool-এ অটো-ডেবিট প্রক্রিয়ার মাধ্যমে বিক্রেতাদের টাকা প্রদান করা যায় এবং বিল-এ ডিসকাউন্ট-এর সুবিধা দিয়ে তাদের কার্যকরী মূলধনও ফিরিয়ে দেওয়া যায়। এইভাবে এটি একদিকে যেমন বিলম্ব হওয়ার সমস্যা, এবং বিশ্বাসযোগ্যতা না পাওয়ার ব্যাপারটিকে দূর করে। অন্যদিকে একইসঙ্গে উদ্যোগী ব্যবসায়ীদের তাদের কার্যকরী মূলধন ফিরিয়ে নেওয়ার সুবিধা প্রদান করে।

# ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ (NSE):



যখন আমরা স্টক এক্সচেঞ্জ-এর কথা মনে করি, আমরা সাধারণত ভেবে থাকি যে এখানে অনেক জটিলতা রয়েছে এবং এখানে অনেক খরচ করা প্রয়োজন। একইসঙ্গে আমাদের মধ্যে সাধারণভাবে এই ধারণাও রয়েছে যে কেবলমাত্র বৃহৎ সংস্থাগুলি/কোম্পানীগুলি যারা বিশাল ব্যবসা করছে, কেবল তাদের জন্যই এই এক্সচেঞ্জ লিস্টিং। কিন্তু ব্যাপারটি মোটেই এইরূপ নয়। বৃহৎ সংস্থাগুলির মত ক্ষুদ্র ব্যবসায়িক উদ্যোগগুলিও স্টক এক্সচেঞ্জ-এ তাদের নাম তালিকাভুক্ত করতে পারে এবং নিম্নলিখিত সুবিধাসমূহ উপভোগ করতে পারে। যেমন:-

a) **মান বৃদ্ধি:** স্টক এক্সচেঞ্জ-এ তালিকাভুক্ত হলে, এটি সাধারণতঃ জনসাধারণের চোখে সংস্থাটির সম্মান বৃদ্ধি করে এবং একইসাথে সংস্থাটির উপর তাদের আস্থাও বৃদ্ধি পায়।

b) **গ্রাহক পরিসর বৃদ্ধি:** তালিকাভুক্ত নেই এমন সংস্থাগুলির তুলনায় বেশি দৃষ্টিগোচর হওয়ার ফলে, এটি সংস্থাটিকে আরও গ্রাহকদের তাদের দিকে আকৃষ্ট করে।

c) **মূলধন সহজে লাভ করার সুবিধা:** এটি উদ্যোগী ব্যবসায়ীদের কেবলমাত্র অংশীদারদের জন্য আরও শেয়ার বন্টন-এর মাধ্যমে, নতুন প্রোডাক্ট সমূহের জন্য মূলধনের ব্যবস্থা করা/সম্প্রসারণ প্রভৃতিতে সাহায্য করে।

d) **উচ্চ জামানত মানাঙ্ক:** তালিকাভুক্ত জামানত বা সিকিউরিটিসমূহ জামানত হিসেবে, ক্রেডিট সুবিধা দানের জন্য গ্রাহ্য হয়ে থাকে। এছাড়াও একটি তালিকাভুক্ত সংস্থা, যেহেতু মূলধন প্রদানকারীদের দ্বারা অনুকূলভাবে মূল্যমানাঙ্ক (রেটিং) প্রাপ্ত হয়। সেই কারণে সহজেই আর্থিক প্রতিষ্ঠানগুলি থেকে ঋণ নিতে সক্ষম হয়। এছাড়াও সংস্থাটি, তাদের উপর বেশি মাত্রার আশ্বাস থাকার ফলে জনসাধারণের থেকে অতিরিক্ত মূলধন ব্যবস্থা করতে পারে।

### NSE ইমার্জ

এক্সচেঞ্জ-এর SME প্ল্যাটফর্ম বা পরিসরের লক্ষ্য হল উচ্চ সমৃদ্ধির সম্ভাবনা আছে এমন ক্ষুদ্র এবং মাঝারী সংস্থাগুলি। এক্সচেঞ্জ এর এই SME প্ল্যাটফর্ম সেই সমস্ত SME দের জন্যে উন্মুক্ত হবে যাদের পোষ্ট ইস্যু পেড আপ ক্যাপিটাল 25 কোটি টাকার সমান অথবা কম হবে। আশা করা যায়, এই প্ল্যাটফর্ম, জ্ঞাত বিনিয়োগকারীগণ যাদের একটি বড় বিনিয়োগ পরিসরে বিনিয়োগের ক্ষমতা রয়েছে, তাদের কাছে এক নতুন এবং অন্য সম্পদ শ্রেণীকে উপস্থিত করেছে। NSE ইমার্জ SME সংক্রান্ত IPO-এর একটি নতুন উৎসস্থল এবং এটি মূল বোর্ড-এর তুলনায় অনেক কম আইনি অনুশাসন-এ এবং মূল্যে SME দের তালিকাভুক্ত হওয়ার সুযোগ প্রদান করে। এই প্ল্যাটফর্ম, নতুন, প্রথম অবস্থায় রয়েছে এমন উদ্যোগসমূহ এবং ছোট মাপের সংস্থাগুলিকে তাদের খুবই প্রয়োজনীয় মূলধনের ব্যবস্থা করতে এবং যখন তারা বৃদ্ধি পেয়ে পরিণত হবে, তখন এক্সচেঞ্জের মূল বোর্ড-এ যেতে অনুমতি দেবে।

# 59 মিনিটে PSB লোনসমূহ



এখন আর সেই সময় নেই, যখন ঋণগ্রহীতা ব্যক্তিকে তার ঋণ মঞ্জুর হওয়ার জন্য কয়েক মাস অপেক্ষা করতে হতো। আধুনিক প্রযুক্তির সাহায্যে তৈরী 'অনলাইন PSB লোনস' হল একটি অনলাইন ক্রেডিট বিপণন ক্ষেত্র যেখানে মাত্র 59 মিনিটে আপনি আপনার ঋণ-এর নীতিগত অনুমোদনই কেবল পাবেন না, উপরন্তু ব্যাঙ্কগুলি যে অফারসমূহ/সুবিধাসমূহ দিচ্ছে, তার তুলনার মাধ্যমে, নিজের পছন্দের ব্যাঙ্কটি বেছে নিতে সক্ষম হবেন।

এই প্ল্যাটফর্ম 1লাখ টাকা থেকে 5 কোটি টাকা পর্যন্ত ব্যবসায়িক লোন (ঋণ)-এর (টার্ম লোন/মেয়াদি ঋণ এবং কার্যকরী মূলধনের জন্যে ঋণ)-এর নীতিগত অনুমোদন দিয়ে থাকে। বর্তমানে ব্যক্তিগত ঋণ-এর জন্য নীতিগত অনুমোদন দেওয়া হচ্ছে 15 লাখ টাকা পর্যন্ত, গৃহঋণ-এর নীতিগত অনুমোদন দেওয়া হচ্ছে 10 কোটি টাকা পর্যন্ত এবং বাহন (গাড়ী) ঋণ-এর নীতিগত অনুমোদন দেওয়া হচ্ছে 1 কোটি টাকা পর্যন্ত।

এই ইউজার ফ্রেণ্ডলি পোর্টালটি আপনাকে সরাসরি যোগাযোগ বিহীন সুবিধা প্রদান করছে যেখানে একজন ঋণগ্রহীতা ব্যক্তির নীতিগত অনুমোদন পাওয়ার জন্য ব্যাঙ্ক-এর শাখায় যাবার প্রয়োজন নেই। এই প্ল্যাটফর্ম বিভিন্ন সূত্র, যেমন – আইটি রিটার্ণ, জিএসটি ডাটা, ব্যাঙ্ক স্টেটমেন্ট – প্রভৃতি থেকে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করার জন্য উন্নত অ্যালগরিদম-এর সাহায্য নেয়।

এই প্রক্রিয়া কি ভাবে কাজ করে তার একটি সংক্ষিপ্ত চিত্র নিম্নে দেওয়া হল:-



## একটি ব্যবসায়িক ঋণ-এর জন্য আবেদন করার সহজ ধাপসমূহঃ

a) এই ঠিকানায় https://www.psbloansin59minutes.com/ ভিজিট করে signup করুন

b) আপনার নাম, মোবাইল নম্বর, ই-মেইল আইডি প্রভৃতি দিন/নিবন্ধীকরণ করুন।

c) নিবন্ধীকরণের পরে, ঋণগ্রহীতা ব্যক্তি তার কেন অর্থের প্রয়োজন, অর্থাৎ ব্যবসার জন্য অথবা খুচরো লেন-দেন (রিটেল)-এর জন্য, তা নির্বাচন করতে পারবে।

d) "ব্যবসার জন্য ঋণ" এতে নির্বাচন করুন।

e) অর্থ কেন প্রয়োজন, তা নির্বাচন করার পরে, 59 মিনিট এর মধ্যে, ব্যবসায়িক ঋণ এর নীতিগত অনুমোদনের জন্য, প্রয়োজনীয় বিশদ তথ্য দিন।

## ইন্টারেস্ট সাবভেনশন স্কীম (সুদ এর জন্য অর্থসাহায্যের স্কীম)

ক্রেডিট-এর সুবিধা আরও উন্নত করার এক পন্থা হিসেবে, এই স্কীম, সমস্ত GST নিবন্ধীকৃত MSMEs দের, নতুন অথবা ক্রমবর্ধমান ঋণ এর জন্য, ক্রমবর্ধমান ক্রেডিট-এর জন্য 2% অর্থসাহায্য প্রদান করে সুদ-এর জন্য। এই স্কীম-এর উদ্দেশ্য হল, উৎপাদন বাড়ানোর জন্য, নির্মাতা এবং পরিষেবা প্রদানকারী-উভয়কেই উৎসাহিত করা এবং MSMEs দের GST প্ল্যাটফর্মে অন বোর্ডিং এর জন্য ইনসেন্টিভ প্রদান করা, যা অর্থনীতিকে বৈধ করে তুলতে সাহায্য করবে এবং ক্রেডিট এর মূল্যও হ্রাস করবে।

2nd নভেম্বর 2018 অথবা তার পরে দেওয়া হয়েছে, এমন ইনক্রিমেন্টাল মেয়াদি ঋণ অথবা নতুন মেয়াদি ঋণ অথবা ইনক্রিমেন্টাল অথবা নতুন কার্যকরী মূলধন-এর সঙ্গে সংশ্লিষ্ট ব্যবসায়ীরা এই স্কীম এর আওতায় থাকা সুবিধার জন্য যোগ্য বিবেচিত হবেন। সংক্ষিপ্ত যোগ্যতা সংক্রান্ত নির্দেশিকা নিম্নরূপঃ-

a) 100 লক্ষ টাকা পর্যন্ত সমস্ত নতুন কার্যকরী মূলধন অথবা মেয়াদি ঋণ, যা কেবলমাত্র এই নির্দিষ্ট সময়ের মধ্যে দেওয়া হয়েছে।

b) এই মেয়াদি ঋণ অথবা কার্যকরী মূলধন, অবশ্যই তালিকাভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্কসমূহ অথবা RBI দ্বারা নথীভুক্ত গুরুত্বপূর্ণ নন-ব্যাঙ্কিং ফাইন্যান্সিয়াল সংস্থাসমূহ/কোম্পানীসমূহ যারা কোনরকম জমা ছাড়াই নিয়মিত ভাবে, কাজ করে – এইরকম কোন সংস্থা কর্তৃক প্রদত্ত হতে হবে।

c) MSME রপ্তানিকারক সংস্থা যারা বাণিজ্য বিভাগ (ডিপার্টমেন্ট অফ কমার্স)-এর অধীনে তাদের প্রি-শিপমেন্ট অথবা পোষ্ট-শিপমেন্ট ক্রেডিট-এর সুবিধা লাভ করেছে তারা এর জন্য যোগ্য বিবেচিত হবে না।

d) যে সকল MSMEs ইতিমধ্যেই রাজ্য/কেন্দ্র সরকারের কোন স্কীমের সুবিধা লাভ করছে সেগুলি যোগ্য বলে বিবেচিত হবে না।

e) RBI দ্বারা ঘোষিত স্কীম নির্দেশিকা অনুসারে (দ্রষ্টব্যঃ এদের প্রদত্ত বিজ্ঞপ্তি, তারিখ- 21 এবং 22 শে ফেব্রুয়ারী, 2019), এবং অর্ধ বার্ষিক ভিত্তিতে, কেবলমাত্র যোগ্য হিসেবে বিবেচিত সংস্থাসমূহই এই ক্লেম-এর জন্য ফর্ম পূরণ করতে পারবেন।

f) যে তারিখে ক্লেম-এর জন্য ফর্ম পূরণ করা হচ্ছে, সেই তারিখে, ঋণ এর জন্য সংশ্লিষ্ট অ্যাকাউন্ট-এর তথ্য দিতে হবে না, যেহেতু এক্সট্যান্ট নির্দেশিকা অনুযায়ী NPA এখনও জারী রয়েছে। যে সময়ে অ্যাকাউন্ট NPA রয়েছে, সেই সময়ের জন্য কোনরকম সুদ সংক্রান্ত সাহায্য গ্রাহ্য হবে না।

# প্রয়াস



প্রয়াস স্কীম চালু করা হয়েছে SIDBI-এর দ্বারা, সেই সমস্ত মাইক্রোফাইন্যান্স (ক্ষুদ্র অর্থ লগ্নীকারী) ক্লায়েন্টস/(গ্রাহকদের) জন্য, যারা তাদের ব্যবসা আরও উন্নত অথবা বিকেন্দ্রীভূত করতে চান, কিন্তু চ্যালেঞ্জ-এর সম্মুখীণ হচ্ছেন, সাশ্রয়ীমূল্যের অর্থসংস্থান-এর ব্যবস্থা করতে গিয়ে এই স্কীমের উদ্দেশ্য হল, সামাজিক বাস্তুতন্ত্রের/পিরামিডের একেবারে নীচের সারিতে থাকা, ক্ষুদ্র ঋণ গ্রহীতাদের, অন্যান্য ক্ষুদ্র ঋণ এ দায়ী সংস্থাসমূহ যেমন- NBFCs, BCs, Fintech প্রভৃতির সঙ্গে জোট বেঁধে অংশীদারীত্বের মাধ্যমে, প্রতিযোগীতামূলক সুদের হারে ক্রেডিট প্রদান।

a) **ঋণ দান ও সহায়তার উদ্দেশ্যঃ** ক্ষুদ্র উদ্যোগী ব্যবসায়ীদের তাদের প্রয়োজন অনুসারে যে কোন জীবন ধারণের উপযোগী কর্মকাণ্ডের জন্য যাতে তারা মূলধন-এর সঙ্গে সম্পৃক্ত সম্পদ আহরণ করতে পারে এবং/অথবা কার্যকরী মূলধন এর জন্য অথবা বিপণন সংক্রান্ত কোন কর্মকাণ্ডের জন্য অথবা এই কারণের মধ্যে যে কোন সম্মিলিত কারণের জন্য, ঋণ দান করা হয়।

b) **যোগ্য ঋণগ্রহীতাঃ** ঋণ গ্রহীতা/ক্লায়েন্টকে অবশ্যই একটি কার্যকরী SHG/JLG-এর সদস্য হতে হবে এবং পার্টনার ইনস্টিটিউশন (PI) থেকে, সন্তোষজনক ট্র্যাক রেকর্ড সহ 2-3 সাইকেল ঋণ নিয়ে থাকতে হবে। ঋণ গ্রহীতাদের, যারা SHG/JLG এর সদস্য নন, ব্যক্তিগত ঋণ দেওয়ার জন্য বিবেচনা করা হবে যদি PI -এর, পাওয়া যাচ্ছে না এমন মধ্যবর্তী এজেন্টকে (কোন জনকে) ঋণ দেওয়ার পূর্ব অভিজ্ঞতা থাকে এবং ঝুঁকি নিরসনের পর্যাপ্ত উপায় থাকে।

c) **ঋণের পরিমাণঃ** 0.50 লাখ টাকা থেকে 5 লাখ টাকা পর্যন্ত (যেখানে মধ্যবর্তী এজেন্টকে পাওয়া যাচ্ছে না)

# SIDBI প্রদত্ত বিভিন্ন স্কীমসমূহ এবং উদ্যোগসমূহঃ

স্মল ইণ্ডাস্ট্রিজ ডেভেলপমেন্ট ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া, SIDBI হল একটি সর্বভারতীয় অর্থনৈতিক প্রতিষ্ঠান, যা MSME বিভাগ এর প্রসার, বিকাশ (উন্নতি) এবং অর্থনৈতিক বিষয়ের উপর পরিষেবা প্রদান করে। যেহেতু, যে কোন উদ্যোগী ব্যবসায়ীর উন্নতির জন্য অর্থ একটি মূল প্রয়োজনীয় জিনিস, সেই কারণে SIDBI তাদের এক গুচ্ছ স্কীমের মাধ্যমে, সহজ এবং কোনরকম ঝঞ্ঝাট ছাড়াই, সাশ্রয়ী সুদের হারে MSMEs দের ঋণ দিয়ে থাকে।

A) **SMILE:** SIDBI মেক ইন ইণ্ডিয়া সফ্‌ট লোন ফাণ্ড (SMILE), হল নির্মাতা এবং পরিষেবা প্রদানকারী বিভাগের অর্থনৈতিক সহায়তা প্রদানকারী একটি ফাণ্ড, যেখানে নতুন এবং ক্ষুদ্র MSME উদ্যোগগুলির জন্যে বিশেষ গুরুত্ব দেওয়া হয়। এছাড়াও এই ফাণ্ডের সাহায্যে বিদ্যমান আণ্ডারটেকিং সংস্থাগুলির আধুনিকীকরণ, সম্প্রসারণ প্রভৃতির জন্যেও ব্যবস্থা করা হয়।

**মূল বৈশিষ্ট্যসমূহঃ**



a) প্রতিযোগীতামূলক ঋণের হার।

b) সফ্‌ট ঋণ দানের মাধ্যমে, প্রোমোটারের দেয় অংশের জন্যে আর্থিক সহায়তা প্রদান।

c) দীর্ঘ ঋণ পরিশোধের সময়।

d) দ্রুত বিতরণ ব্যবস্থা (ঋণ)

B) **স্মাইল ইক্যুইপমেন্ট ফাইন্যান্স (SEF):** SEF হল একটি উদ্যোগী ব্যবসায়ী, যারা তাদের যন্ত্রপাতির জন্য আর্থিক সহায়তা খুঁজছে। তাদের জন্যে নির্দিষ্ট একটি দ্রুত ঋণ দান ব্যবস্থা। নূন্যতম 3 বছর ধরে রয়েছে এমন MSME সংস্থা, যাদের সন্তোষজনক আর্থিক পরিস্থিতি রয়েছে, তারা তাদের প্ল্যান্ট এবং মেশিনারীতে/MFAs তে/অথবা যদি কোন ইমারতি গঠন কার্যের (সিভিল কনস্ট্রাকশন) এর প্রয়োজন হয় তবে এই ঋণ-এর জন্য যোগ্য বলে বিবেচিত হবে। এক্ষেত্রে ন্যূনতম ঋণ দানের পরিমাণ 10.00 লাখ টাকা এবং এই ঋণ দানের ব্যাপারে সর্বোচ্চ কত ঋণ দেওয়া যাবে। তার সীমা বেঁধে দেওয়া আছে। সরল আবেদন পত্র এবং ন্যূনতম কাগজপত্রের সঙ্গে এটি দ্রুত এবং ঝঞ্ঝাটবিহীন ঋণ বিতরণ নিশ্চিত করে।



C) **স্পীডঃ** এখানে কোন সংস্থার উন্নয়ণের জন্য যে যন্ত্রপাতি প্রয়োজন তার জন্য ঋণ দেওয়া হয়, এবং SPEED যন্ত্রপাতির মূল্যের 100% পর্যন্ত ঋণ দেয়, যেখানে SIDBI ব্যাঙ্কের নতুন গ্রাহকদের (NTB) জন্যে সর্বোচ্চ সীমা ধার্য করা রয়েছে 1 কোটি এবং ব্যাঙ্কের পুরোনো গ্রাহকদের জন্যে সর্বোচ্চ সীমা ধার্য করা রয়েছে 2 কোটি মাত্র এক পৃষ্ঠার আবেদন পত্র এবং সময়মত বিলি এবং বিতরণ-এর বৈশিষ্ট্য সমন্বিত SPEED সত্যিই তার নামের যৌক্তিকতা প্রদর্শন করে। MSME ইউনিটগুলি যেগুলি নূন্যতম 3 বছর ধরে তাদের কাজকর্ম করছে এবং যাদের বর্তমানে গত দুই বছর ধরে স্থিতিশীল বিক্রয় এবং অর্থ লাভ হচ্ছে, তারা আকর্ষণীয় সুদের হার-এর সাপেক্ষে, আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবে।



**মূল বৈশিষ্ট্যসমূহঃ**

a) সরাসরি যোগাযোগ বিহীন প্ল্যাটফর্ম-এর মাধ্যমে দ্রুত বিকশিত যন্ত্রপাতির জন্যে নির্দিষ্ট ঋণ।
b) আবেদনপত্রের সরলীকৃত বিন্যাস।
c) প্রতিযোগীতামূলক সুদের হার।
d) প্রোমোটারদের/গ্রহীতাদের কম টাকা দিতে হয়।

D) **SIDBI-সংস্থাসমূহের উন্নয়ণের উদ্দেশ্যে, যন্ত্রপাতি কেনার জন্য ঋণ, প্লাস (SPEED PLUS)ঃ** SPEED-এর দ্রুতগতি বিলি ব্যবস্থাকে আরও উচ্চ পর্যায়ে নিয়ে যাওয়ার জন্যে এসেছে SPEED PLUS, MSME ইউনিটগুলি, যারা নূন্যতম 5 বছর ধরে কাজকর্ম করছে, যাদের বর্তমানে গত 3 বছর ধরে স্থিতিশীল বিক্রয় এবং অর্থ লাভ হচ্ছে এবং মোট ন্যূনতম বিক্রয়-এর পরিমাণ 5 কোটি টাকা, এবং বর্তমানে গত 2 বছর ধরে কোনরকম পরিচালন গত ক্ষতির সম্মুখীণ হতে হয়নি। তারা এই 'লোন প্রোডাক্ট'টির জন্য আবেদন করতে পারবেন। SPEED PLUS-এর অধীনে সেই সমস্ত যন্ত্রপাতিগুলিই, আর্থিক সহায়তা পাবার উপযুক্ত বলে বিবেচিত হবে, যেগুলি পরিচিত OEMS প্রস্তুতকারী সংস্থার ভারতীয় শাখাসমূহ, যাদের শক্তিশালী ব্র্যাণ্ড হিসেবে ঐতিহ্য রয়েছে এবং যাদের সাথে SIDBI, MoU সম্পর্ক স্থাপন করেছে, এই ধরণের কোন সংস্থা থেকে কেনা হয়েছে।



**মূল বৈশিষ্ট্যসমূহঃ**

a) উচ্চ-প্রযুক্তি সম্পন্ন যন্ত্রপাতির ক্ষেত্রে 100% পর্যন্ত সহায়তা
b) দ্রুত মঞ্জুর এবং বিলি ব্যবস্থার সুবিধা
c) কোন স্থায়ী সম্পত্তি জামানত হিসেবে প্রয়োজন নেই

E) **SIDBI মেয়াদি-ঋণ সহায়তা, রুফটপ সোলার PV প্ল্যান্টস (STAR)-এর জন্যঃ** STAR স্কীম আনা হয়েছে নিম্নলিখিত উদ্দেশ্যের জন্য:

a) MSME দের, তাদের পাওয়ার বিল-এ সাশ্রয় ঘটিয়ে সাহায্য করার জন্য
b) সমস্ত বিভাগে যেখানে 25KW থেকে 500KW প্ল্যান্টস রয়েছে (নির্দেশক)
c) ঋণ এর পরিমাণ: 10 লক্ষ টাকা থেকে 250 লক্ষ টাকা।

# মিশন স্বাবলম্বন

এই ব্যাঙ্ক 2018 সালে, শিল্পোদ্যোগ-এ সংস্কৃতির প্রসার ঘটানোর জন্য মিশন স্বাবলম্বন এই প্রোডাক্ট নিয়ে এসেছে, যাতে যুবসমাজকে ‘‘কর্ম অন্বেষণ’’ থেকে ‘‘কর্মসৃষ্টির’’ প্রবণতার দিকে নিয়ে যাওয়া যায় এবং এর দ্বারা শহরাঞ্চলের গ্রামীণ মানুষের অভিমান সীমিত করা যায়, এবং একইসঙ্গে সামাজিক বাস্তুতন্ত্রের একেবারে নিচের অংশে যেমন পরিষেবার বাইরে/পরিষেবা দ্বারা বঞ্চিত রয়েছে এমন অংশে/পরিসরে এবং সামগ্রিক ভাবে MSEs দের মধ্যে গতির সঞ্চার ঘটিয়ে স্থিতিশীল জীবনধারণের সুযোগসুবিধা তরান্বিত করা।

স্বাবলম্বন-এর এই ছাতার তলায়, ব্যাঙ্ক-এর দ্বারা বেশ কিছু উদ্যোগ নেওয়া হয়েছে যাতে মনোভাবের পরিবর্তন ঘটানো যায় এবং মানুষের মনে এবং অন্তরস্থলে স্বাবলম্বনের জন্যে উৎসাহের আগুন প্রজ্বলন করা যায়। এই ধরণের কিছু উদ্যোগের সম্বন্ধে নিচে উল্লেখ করা হল:

**উষা স্বাবলম্বন সেলাই স্কুল** (গ্রামগুলিতে মহিলা গৃহউদ্যোগী বাড়ানোর কাজ করছে):

এই স্বাবলম্বনের অধীনে, SIDBI-এর লক্ষ্য হল, এ যাবৎ দেশের যে সমস্ত স্থানে পৌঁছানো সম্ভব হয়নি, সেই সমস্ত স্থানে পৌঁছানো। সারা পৃথিবী এই কথা স্বীকার করে নিয়েছে যে একটি সমাজের উন্নয়ণ ঘটাতে হলে, মহিলাদের উন্নয়ণের বিষয় নিয়ে কোনরকম বিতর্ক চলে না। এই লক্ষ্যে পৌঁছানোর জন্য SIDBI, উষা ইন্টারন্যাশনাল লিমিটেড (UIL)-এর সঙ্গে একসাথে এই শিল্পোদ্যোগকে বাড়ানোর জন্যে উত্তর প্রদেশ, বিহার, ঝাড়খণ্ড, রাজস্থান এবং তেলেঙ্গানা, এই পাঁচটি রাজ্যের 10টি জেলার, 1000 গ্রামগুলিতে 1000 মহিলার জন্য 1000 উষা স্বাবলম্বন সেলাই স্কুল স্থাপন করেছে।




এই সেলাই স্কুল স্থাপনের প্রাথমিক উদ্দেশ্য হল সেলাই এবং ফোঁড়াই-এর দক্ষতাজনিত শিক্ষা প্রদান করে এক গৃহউদ্যোগী ক্যাডার তৈরী করা এবং গ্রামীণ মহিলাদের তাদের জীবিকার্জনের জন্য কোন উদ্যোগ গড়ে তুলতে সক্ষম করে তোলা। আর এই আনুষঙ্গিক উদ্দেশ্য হল এক সামাজিক প্রতিষ্ঠা সৃষ্টি করা এবং যাতে অর্থনৈতিক সক্ষমতার মাধ্যমে, নিজেদের পরিবারের মধ্যেও এই মহিলারা এক সম্মান লাভ করে। সর্বোপরি এটির উদ্দেশ্য হল, পরিবারের মধ্যে শিল্পোদ্যগ-এর সংস্কৃতি সংঘটিত করা।

এই উদ্যোগের মাধ্যমে, উচ্চাকাঙ্খী মহিলাদের, UIL-এর অভিজ্ঞ প্রশিক্ষকদের দ্বারা, সেলাই-এর বিভিন্ন বিষয় বা ধরণ এবং এর সাথে সেলাই মেশিন কি ভাবে রক্ষণাবেক্ষণ করতে ও সারাতে হবে সেটিও প্রশিক্ষণ দেওয়া হয়। যে সমস্ত মহিলা উদ্যোগীরা সাফল্যের সঙ্গে এই প্রশিক্ষণ সম্পূর্ণ করবেন, তাদের একটি উষা সেলাই মেশিন (পা দ্বারা চালনা করা যায় এমন), একটি সার্টিফিকেট, একটি ট্রেনিং কিট এবং উষা স্বাবলম্বন সেলাই স্কুল-এর সাইন বোর্ড দেওয়া হবে। এই সমস্ত প্রশিক্ষণপ্রাপ্ত মহিলারা আবার ঐ একই গ্রামে অথবা প্রতিবেশী গ্রামগুলিতে, সমাজের অন্যান্য মহিলাদের প্রশিক্ষণ দেওয়ার জন্য, নিজেদের স্কুল প্রতিষ্ঠা করবেন। যেগুলি ‘স্যাটেলাইট সেলাই স্কুল’ নামে অভিহিত হবে। এইভাবে, প্রত্যেক উষা স্বাবলম্বন সেলাই স্কুল থেকে, ন্যূনতম দুইজন মহিলা যখন তাদের নিজেদের সেলাই স্কুল খুলবে, তখন এক ‘‘গুণক প্রভাব’’ সৃষ্টি করা সম্ভব হবে।

## স্বাবলম্বন রোল মডেলরা:



শিল্পোদ্যোগ-এর এই সাহসকে একেবারে গোড়ার স্তরে উৎসাহ দেওয়ার জন্য, যাতে সামাজিক বাস্তুতন্ত্রের একেবারে নিচে যারা রয়েছেন, তাদের কাছে পৌঁছানো সম্ভব হয়, 2019 আর্থিক বছরে, 'SIDBI স্বাবলম্বন রোল মডেল' নামে এক অগ্রণী প্রকল্পের কাজে হস্তক্ষেপ করা হয়েছে, যেখানে আমাদের প্রতিদিনের জীবনে যে নায়ক এর ভূমিকায় কাজ করে যাচ্ছে, যাতে তার সাহসকে আরও একটু উৎসাহিত করা হচ্ছে, তার দিকে হাত বাড়িয়ে দিয়ে। উত্তর প্রদেশের, কুশীনগরে, বানওয়ারি টোলা গ্রামের জ্যোতি (বয়স 18 বছর) এবং নেহা (16 বছর) এই দুই কন্যা, তাদের পিতার প্যারালাইসিস-এ আক্রান্ত হওয়ার পর, সসম্মানের সঙ্গে ক্ষৌরকার-এর বৃত্তি বেছে নিয়ে, সমাজের সামনে এক রোল মডেল রূপে নিজেদের দৃষ্টান্ত স্থাপন করেছে। গত আর্থিক বছরে SIDBI এদের জীবনে হাত বাড়িয়ে দিয়েছে তাদের সহায়তার স্পর্শ নিয়ে। এখন এই দুই কন্যা ক্রমে এমনই আইকনিক হয়ে উঠেছে যে, ক্রিকেটের শচীন তেণ্ডুলকরও এদের হাতে তার দাড়ি কামিয়েছেন। জিলেট কোম্পানী, তাদের বিজ্ঞাপনের দৃষ্টি বানানোর প্রস্তাব নিয়ে এই মেয়েদের কাছে পৌঁছেছে এবং তাদের পেশাদারী প্রশিক্ষণ দিয়েছে। ব্যাঙ্ক সারা দেশে, পরিষেবা পৌঁছয়নি বা যাদের জীবন মোকাবিলার মুখোমুখি কাটছে (তথাপি যারা উৎসাহের সঙ্গে জীবন এগিয়ে নিচ্ছে), এমন অংশে, যাদের সমাজের মূল স্রোতে পৌঁছানোর জন্যে একটু পৃষ্ঠপোষকতা (সাহায্য) প্রয়োজন, এবং যাতে তারা ক্রমে ভবিষ্যতে কৃতিত্বের সঙ্গে সক্ষম হয়ে উঠতে পারে। এমন আরও **1000 জন রোল মডেলকে সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার উদ্যোগ** নিয়েছে।

## ম্যানেজমেন্ট ক্যাপাসিটি ডেভেলপমেন্ট প্রোগ্রাম (MDP)

### এই স্কীমটি IIM-লক্ষ্ণৌ-এর বর্তমান তরুন MSE উদ্যোগীদের জন্যে:



এটি MSE অংশীদারদের এক বৃত্তিমূলক কোর্স-এর দাবী, যার কিনা কেবলমাত্র পুঁথিগত জ্ঞানের উপর নজর না দিয়েও সমস্যা সমাধানের উপায়ের উপরও জোর দেওয়া প্রয়োজন ছিল এবং যা অনেকদিন ধরে মুলতবী রাখা হয়েছিল, সেই ব্যাপারটির এক সমাধান এনেছে। আমাদের ব্যাঙ্ক IIM লক্ষ্ণৌর সঙ্গে অংশীদারীত্বের মাধ্যমে, বর্তমান MSE উদ্যোগীদের জন্য 11 দিনের একটি ক্লাস রুম এর স্বল্প মেয়াদী ম্যানেজমেন্ট ডেভেলপমেন্ট প্রোগ্রাম চালু করেছে, এই কোর্সটি MSE দের জন্য MSE দের দ্বারাই পরিকল্পিত হয়েছে"।

## উদ্যম সজ্ঞান - MSEs দের জন্য প্রদর্শন পরিদর্শন:



ক্ষুদ্র এবং ছোট উদ্যোগগুলি (MSEs) যাতে তাদের সেক্টরের মাঝারি এবং বড়-মাপের ইউনিটগুলির কাজের পরিবেশ সম্পর্কে সমস্ত ধারণা লাভ করতে পারে, যা তাদের নিজেদের উদ্যোগ শুরু করতে এবং এর বিভিন্ন বিষয় অনুধাবণ করতে উদ্বুদ্ধ করবে এই উদ্দেশ্যে উদ্যম সজ্ঞান ধাপ নিয়ে আসা হয়েছে। এই উদ্যম সজ্ঞান ব্যবস্থায় ক্ষুদ্র এবং ছোট উদ্দেশ্যগুলির জন্য, বৃহৎ (বড়) শিল্পোদ্যোগ গুলিতে প্রদর্শন পরিদর্শন-এর ব্যবস্থা করা হয়েছে। এই প্রদর্শন-এর আরও উদ্দেশ্য হল তাদের চিন্তাভাবনার পরিসর যাতে আরও প্রসারতা লাভ করে এবং তারা বড় কিছু করার কথা ভাবতে পারে এবং পারস্পরিক শিক্ষার সাহায্যে আরও বড় পরিসরে বেড়িয়ে পড়ে এবং বিভিন্ন যোগসূত্র সৃষ্টি করে।

## স্ট্যাণ্ড আপ ইণ্ডিয়া




এই স্কীম (পরিকল্পনার) উদ্দেশ্য হল প্রতিটি ব্যাঙ্কের শাখায় ন্যূনতম পক্ষে একজন সিডিউলড কাস্ট (SC) অথবা সিডিউলড ট্রাইব (ST) ঋণগ্রহীতা এবং ন্যূনতম একজন মহিলা ঋণগ্রহীতাকে 'গ্রীণফিল্ড' উদ্যোগ শুরু করার জন্য 10 লাখ টাকা থেকে 1 কোটি টাকার মধ্যে ঋণ-এর সুবিধার ব্যবস্থা করা। এই উদ্যোগ, নির্মাণ পরিষেবা অথবা ব্যবসা এই তিন ক্ষেত্রে শুরু করা যেতে পারে। ব্যক্তিগত প্রচেষ্টার গড়ে ওঠেনি এমন উদ্দেশ্যের ক্ষেত্রে (নন-ইনডিভিজুয়াল), শেয়ার হোল্ডিং এবং (নিয়ন্ত্রণমূলক) কন্ট্রোলিং স্টেক (অংশের) এর ন্যূনতম 51% হয় কোন একজন SC/ST অথবা কোন মহিলা উদ্যোগীর নামে থাকতে হবে। দেখা গেছে যে কোন উদ্যোগ শুরু করতে গেলে, ঋণ নিতে গেলে এবং ব্যবসাটিকে সফল করে তুলতে গেলে নানা সময়ে যে অন্যান্য সাহায্যের প্রয়োজন হয় – সেই সমস্ত ব্যাপারেই, SC,ST এবং মহিলা উদ্যোগীরা চ্যালেঞ্জের (প্রতিকূল অবস্থার) সম্মুখীণ হয় এবং এই বিষয়গুলি সনাক্ত করেই এই স্কীম চালু করা হয়েছে। সুতরাং এই স্কীম এমন এক সামাজিক বাস্তুতন্ত্র (ইকোসিস্টেম) নির্মাণ করার উদ্যোগ নিয়েছে যে ব্যবস্থায় ব্যাঙ্ক ব্যবসা করার জন্য যে অনুকূল সাহায্যের পরিবেশের প্রয়োজন সেটি প্রদান করবে এবং এই উদ্যোগ জারী রাখবে।

**যোগ্যতা**

a) 18 বছরের উর্দ্ধে যে কোন SC/ST এবং/অথবা মহিলা উদ্যোগী

b) কেবলমাত্র গ্রীণ ফিল্ড উদ্যোগের জন্য এই স্কীমের অধীনে ঋণ পাওয়া যাবে। এই প্রসঙ্গে এটা বলা প্রয়োজন যে গ্রীণ ফিল্ড-এর তাৎপর্য হল, এটি উপভোক্তা ব্যক্তিটির নির্মাণ অথবা পরিষেবা অথবা ব্যবসায়িক পরিসরে/ক্ষেত্রে প্রথম উদ্যোগ হতে হবে।

c) ব্যক্তিগত উদ্যোগে গড়ে ওঠেনি এমন উদ্যোগের ক্ষেত্রে (নন-ইনডিভিজুয়াল) শেয়ার হোল্ডিং এবং কন্ট্রোলিং স্টেক এর ন্যূনতম 51% হয় কোন একজন SC/ST অথবা কোন মহিলা উদ্যোগীর নামে থাকতে হবে।

d) ঋণগ্রহীতা, কখনও কোন ব্যাঙ্ক অথবা অর্থনৈতিক সংস্থার কাছে ডিফল্টার হয়নি, অবশ্যই এমন হতে হবে।

## MSE দের পরামর্শ দানের মাধ্যমে শিল্পোদ্যোগকে প্রোৎসাহিত করা:



MSEsরা যাতে পরামর্শদাতাদের কাছে পৌঁছাতে পারে, এই উদ্দেশ্যে ব্যাঙ্ক ওয়াধওয়ানি ফাউণ্ডেশন – জাতীয় শিল্পোদ্যোগ সংক্রান্ত ব্যবস্থা – NEN, যা MSEs দের পরামর্শ দেওয়ার উদ্দেশ্যে গঠিত হয়েছে। এর সাথে একটি MoU চুক্তিতে আবদ্ধ হয়েছে। এই অগ্রণী প্রচেষ্টায় সারা ভারত থেকে পরামর্শ দেওয়ার জন্য 500 জন MSE কে এর আওতায় আনা হয়েছে। এদের NEN/WF প্ল্যাটফর্মে, নিজেদের আওতায় নেওয়ার পর, একটি পরিবর্তনসূচক রূপরেখা তৈরীর জন্য, MSEদের উপরে এক পরীক্ষামূলক সমীক্ষা চালানো হবে। পরামর্শদাতাদের নির্বাচন/ সাযুজ্যতা নির্ণয় করা হবে পর্যালোচনার মাধ্যমে এবং বিনামূল্যে এই পরামর্শ প্রদায়ী (মেন্টরশিপ) সহায়তা দিতে হবে (খালি সময় থাকা প্রয়োজন 8-10 ঘন্টা/কোয়ার্টার) MSE দের। MSMEs দের জন্য এই যে পরামর্শপ্রদায়ী (মেন্টরশিপ) ব্যবস্থা, এর লক্ষ্য হল এক অত্যধিক-সমৃদ্ধ উন্নয়ণের পথ সৃষ্টি করা, এবং এর জন্যে ইন-হাউস এবং অন-ডিমাণ্ড AI-সক্রিয়তা সম্পন্ন সমন্বয় ব্যবস্থার উদ্যোগ নেওয়া হয়েছে। সেখানে AI-সক্রিয়তা সম্পন্ন সুবিধাজনক কারিগরী প্ল্যাটফর্মে, প্রশিক্ষণগণ, পরামর্শদাতাগণ, গ্রাহকগণ এবং মূলধন প্রদায়ী ব্যক্তিগত 12 মাস পর্যন্ত গভীর ভাবে সংযুক্ত থেকে এবং 3 বছর পর্যন্ত, হাত ধরে থাকার সহযোগিতামূলক ব্যবস্থায়, তাদের পরিষেবা প্রদান করবেন।

## একত্র কাজ করার পরিসর (কো-ওয়ার্কিং স্পেস):




SIDBI ইনকিউস্পেজ সলিউশনস প্রাইভেট লিমিটেড সংস্থার সঙ্গে মিলে নিয়ে এসেছে @ওয়ার্কস্পেজ, একটি একত্রে কাজ করার পরিসর, যার ঠিকানা হল 1, টলস্টয় মার্গ, কর্নট প্লেস, নতুন দিল্লী। এই অগ্রণী প্রচেষ্টার মূল চিন্তাভাবনা হল, MSMEs এবং স্টার্ট-আপস দের বিভিন্ন প্রয়োজনের এবং অন্যান্য সুবিধার সুযোগ করে দেওয়ার জন্য রেডি ইনফ্রাস্ট্রাকচার প্রদান করা। এই সম্পূর্ণ আসবাবপত্র দ্বারা সজ্জিত অফিস পরিসর-এ রয়েছে ট্রেনিং এবং কনফারেন্স রুম, ফাস্ট-স্পীড ইন্টারনেট, রিসেপশন, রিফ্রেশমেন্ট, রিক্রিয়েশনাল এরিয়া, হাউস-কিপিং ফেসিলিটিজ প্রভৃতি এই উদ্যোগ নেওয়া হয়েছে যাতে উদ্যোগী ব্যবসায়ী একটি যথোপযুক্ত পরিকাঠামো খোঁজার সমস্যার হাত থেকে এবং সেটি রক্ষণাবেক্ষণ করার উচ্চ মূল্য থেকে মুক্তি পায়। এছাড়াও এই ব্যবসা তাদের অন্যান্য সহ কর্মীদের সাথে যোগাযোগ তৈরী করতে এবং ব্যবসার সম্প্রসারণ ঘটাতে, নতুন ক্লায়েন্ট-এর সঙ্গে সাক্ষাৎ বা পরামর্শ করতে, মিটিং এবং সেমিনার আয়োজন করতে সুযোগ দেওয়ার সাথে সাথে, তাদের অন্যান্য প্রয়োজনীয় কাজের দেখভাল করার সুবিধা দেবে। এই একই ধরণের পরিসর, মুম্বাইতেও নিয়ে আসার পরিকল্পনা নেওয়া হয়েছে।

## SIDBI-ET ইণ্ডিয়া MSE অ্যাওয়ার্ডস:

MSE দের অবদানকে যা তাদের অন্য রোল-মডেলসদের কাছে প্রতিষ্ঠা দিয়েছে, তাদের স্বীকৃতি দানের জন্য SIDBI আয়োজন করেছে SIDBI-ET ইণ্ডিয়া MSE অ্যাওয়ার্ডস (পুরস্কার) এর, 2018 এবং 2019 সালে অ্যাওয়ার্ড এর দুটি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। এই অ্যাওয়ার্ড প্রদানের উদ্দেশ্য হল, MSE দের সমাজের সম্মুখে প্রদর্শন আরও জোরদার করা এবং আগামীদিনের নেতৃত্বকে তুলে ধরা, যারা দেশের আর্থ-সামাজিক ব্যবস্থার পরিবর্তন গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়ে আসছে।



আমরা আশা করছি, এই ভল্যুম বর্তমান এবং উদীয়মান উদ্যোগী ব্যবসায়ীদের জন্য যে সমস্ত স্কীমস (পরিকল্পনা) এবং অগ্রণী প্রচেষ্টাসমূহ নেওয়া হয়েছে, সেই সম্পর্কে আপনাদের কিছুটা আলোকপাত করবে। SIDBI স্কীমস/পরিকল্পনাসমূহ সম্বন্ধে আরও জানতে আপনি ভিজিট করতে পারেন এই ঠিকানায় www.sidbi.in। আমরা আরও জ্ঞান এবং তথ্য নিয়ে ফিরে আসব আমাদের আসন্ন ভল্যুমগুলিতে। সুতরাং এই স্বাবলম্বন ইনফো সিরিজ-এর সাথে থাকুন।

# প্রয়োজনীয় লিঙ্কসমূহ

1. শিল্পোদ্যোগ সম্পর্কে আরও তথ্য পাওয়া যাবে এই ঠিকানায়: **https://www.udyamimitra.in/**
2. ব্যাঙ্ককেবিলিটি কিট সম্পর্কে আরও তথ্য পাওয়ার জন্য ভিজিট করুন এই ঠিকানায়: **https://udyamitra.in/Content/MSEbankabilitykit2.pdf**
3. এই ঠিকানায়: **https://www.udyamimitra.in/FAQs** ভিজিট করুন আপানর বিভিন্ন জিজ্ঞাসু জ্ঞাতব্য এর জন্য
4. ভবিষ্যতের শিল্পোদ্যোগীরা, তাদের নিজেদের নিবন্ধীকরণ করতে পারেন এই ঠিকানায়: **https://site.udyamimitra.in/Login/Register**
5. স্ট্যাণ্ড আপ ইণ্ডিয়া উচ্চাকাঙ্খীরা নিজেদের উক্ত পরিসরে আনতে পারেন এখানে: **www.standupmitra.in**
6. বিক্রেতা এবং ক্রেতা আপনারা উভয়ই গভর্নমেন্ট ই-মার্কেটপ্লেস নিবন্ধীকরণ করতে পারেন এই ওয়েবসাইটে, যার ঠিকানা: **https://gem.gov.in/**
7. স্ট্যাণ্ড আপ ইণ্ডিয়ার অন্তর্গত পরিকল্পনার SC/ST এবং মহিলা উদ্যোগী ব্যবসায়ীরা 10 লাখ টাকা থেকে 1 কোটি টাকা পর্যন্ত ঋণ নিতে পারেন, তাদের নির্মাণ, ব্যবসায় অথবা পরিষেবার ইউনিট স্থাপনের জন্য। এই ব্যাপারে বিশদ তথ্য পাওয়া যাবে এই ঠিকানায়: **https://www.standupmitra.in/**
8. মহিলা উদ্যোগী ব্যবসায়ীরা ভিজিট করতে পারেন এই ঠিকানায়: **https://niti.gov.in/women-entrepreneurship-platform-web**
9. পরামর্শমূলক সহায়তার জন্য, অনুগ্রহ করে আমাদের লিখুন এই ঠিকানায়: **pnd_ndo@sidbi.in**
10. গভর্নমেন্ট ই-মার্কেটপ্লেস সম্বন্ধে আরও তথ্য জানার জন্য ভিজিট করুন এই ঠিকানায়: **https://gem.gov.in/**
11. ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ (NSE) সম্বন্ধে আরও তথ্য জানার জন্য ভিজিট করুন এই ঠিকানায়: **https://www.nseindia.com/**
12. Psb ঋণ সম্পর্কে আরও তথ্য জানার জন্য অথবা এই ঋণের জন্য আবেদন করার জন্য অনুগ্রহ করে ভিজিট করুন এই ঠিকানায়: **https://www.psbloansin59minutes.com**

**ডিসক্লেইমার**

এই সিরিজ আনা হয়েছে উচ্চাকাঙ্খী স্বাবলম্বীদের জন্য। এটা জরুরী নয় যে এখানে ব্যক্ত সমস্ত মতামতই স্মল ইণ্ডাস্ট্রিজ ডেভেলপমেন্ট ব্যাঙ্ক অফ ইণ্ডিয়ার (SIDBI) অথবা এখানে এটিও বলা হচ্ছে না যে, এই সিরিজ এই বিষয়ের একটি সম্পূর্ণ আলোচনা।

এই তথ্যসম্বলিত দলিলটি হল, মিশন স্বাবলম্বন-এর অন্তর্গত এক অগ্রণী প্রচেষ্টা বিশেষ, যা SIDBI কর্তৃক পরিচালিত। যে সমস্ত প্রোডাক্ট কার্যকরী করা হয়েছে তার উপর এবং/বিভিন্ন উৎস থেকে গৃহীত তথ্যাদির উপরে ভিত্তি করে মূলত: এই তথ্যপুস্তিকাটি তৈরী করা হয়েছে। এটিতে যাতে কোনরূপ ভুলভ্রান্তি না থাকে অথবা কিছু তথ্য বাদ না পড়ে যায়, সেই ব্যাপারে সমস্ত উদ্যোগ নেওয়া হয়েছে, কিন্তু এরপরেও যদি কোন কারণে, কোন ভুলভ্রান্তি থেকে যায় অথবা কোন তথ্য বাদ পড়ে যায়, তবে SIDBI কোনভাবেই, কোন ব্যক্তির কাছে এই ব্যাপারে দায়ী থাকবে না।

sidbi

**স্মল ইণ্ডাস্ট্রিজ ডেভেলপমেন্ট ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া**

**সিডবি টাওয়ার, 15, অশোক মার্গ, লক্ষ্মৌ - 226001 উত্তর প্রদেশ**

sidbiofficial @sidbiofficial sidbiofficial

**www.sidbi.in**